ভোরের কাগজ

তারিখ ... MAR. 22 2000
পৃষ্ঠা ১৬ কলাম ১

# ব্র্যাকের স্কুলে শিশু শিক্ষার্থীদের সঙ্গে অলব্রাইটের কিছুক্ষণ

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী ম্যাডেলিন অলব্রাইট গত সোমবার ঢাকার কলাবাগানে ব্র্যাকের একটি স্কুল পরিদর্শন করেন। তিনি স্কুলের ছেলেমেয়েদের সঙ্গে কিছু সময় কাটান। ব্র্যাকের এই স্কুলটিতে আগে গার্মেন্টসকর্মী হিসেবে কাজ করা শিশুরা লেখাপড়া করে। ইউসিস।

ব্র্যাক স্কুলের শিক্ষার্থীদের উদ্দেশে অলব্রাইট বলেন, 'আমার দেশের শিশুরা ভাগ্যবান, আমাদের দেশে শিশুদের কাজ করা বেআইনি। প্রতিটি এলাকাতেই তাদের জন্য স্কুল আছে।' মার্কিন পররাষ্ট্রমন্ত্রী সর্বশক্তি নিয়োগ করে পড়াশোনা চালিয়ে যেতে শিশুদের উৎসাহিত করেন।

ছাত্রছাত্রীদের উদ্দেশে ম্যাডেলিন অলব্রাইট বলেন, স্কুলে পড়ার সময় তিনি একজন শিক্ষক হতে চেয়েছিলেন। জাতিসংঘে যুক্তরাষ্ট্রের স্থায়ী প্রতিনিধি হওয়ার আগে তিনি জর্জটাউন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। পরে যুক্তরাষ্ট্রের প্রথম মহিলা পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নিযুক্ত হন।

অলব্রাইট ছেলেমেয়েদের পড়াশোনার খোঁজখবর নেন। তাকে স্কুলের শিশুদের আঁকা ছবি উপহার দেওয়া হয়। তিনি ছেলেমেয়েদের উদ্দেশে বলেন, 'আমরা সবাই সমান। ছেলেরা যা পারে, মেয়েরাও তার সবকিছুই পারে।' ব্র্যাক স্কুলের ছেলেমেয়েরা এরপর নেচে গেয়ে অতিথিকে আনন্দ দান করে।

যুক্তরাষ্ট্র সরকারের পক্ষ থেকে অলব্রাইট স্কুলের ছাত্রছাত্রীদের বইপত্র, মানচিত্র, নোটবইসহ বিভিন্ন শিক্ষা ও খেলার সামগ্রী উপহার দেন।